# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (১৮) বিতর সালাত

## 18 ـ باب الوتر

আরবী

[2399/م] ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي عَطَاءُ بْنُ يَزِيدَ اللَّيْثِيُّ أَنَّهُ سَمِعَ أَبَا أَيُّوبَ الْأَنْصَارِيِّ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (الْوِتْرُ حَقٌّ فَمَنْ أَحَبَّ أَنْ يُوتِرَ بِخَمْسٍ فَلْيُوتِرْ وَمَنْ أَحَبَّ أَنْ يُوتِرَ بِثَلَاثٍ فَلْيُوتِرْ وَمَنْ أَحَبَّ أَنْ يُوتِرَ بِوَاحِدَةٍ فليوتر بها ومن شق عليه ذلك فليومىء إيماء)

الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2399 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

২৩৯৯. আবূ আইয়ূব আল আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “বিতর সালাত পড়া হক বা দায়িত্ব। সুতরাং যে ব্যক্তি পাঁচ রাকা‘আত বিতর আদায় করতে চায়, সে যেন তা-ই বিতর পড়ে, যে ব্যক্তি তিন রাকা‘আত বিতর পড়তে চায়, সে যেন তা-ই বিতর পড়ে আর যে ব্যক্তি এক রাকা‘আত বিতর পড়তে চায়, সে যেন তা-ই পড়ে। আর যে ব্যক্তির তা আদায়ে কষ্টকর হবে, সে যেন ইশারা করে বিতর আদায় করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪১৮; দারেমী: ১/৩৭১; আবূ দাঊদ: ১৪২২; তাবারানী: ৩৯৬২; তাহাবী: ১/২৯১; দারাকুতনী: ২/২২; সুনান বাইহাকী: ৩/২৭; হাকিম: ১/৩০২; নাসাঈ: ৩/২৩৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৬৩৩; নাসাঈ: ৩/২৩৮-২৩৯; তাহাবী: ১/২৯১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১২৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91722

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন